সংবাদ

তারিখ 15 DEC 2017
পৃষ্ঠা ১৬ কলাম ২

ভিকারুননিসায়

# প্রথম শ্রেণীতে নির্বাচিত ৪৭০ শিক্ষার্থী

নিজস্ব বার্তা পরিবেশক

রাজধানীর ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের মূল (বেইলি রোড) শাখার প্রথম শ্রেণীতে ইংরেজি ভার্সনে ৪৭০ জন শিক্ষার্থী নির্বাচিত হয়েছে। এর মধ্যে প্রভাতী শাখায় ১৪০ জন ও দিবা শাখায় ৩৩০ জন। গত বুধবার চতুর্থ দিনের মতো আয়োজন হয় এই স্কুলে ভর্তি লটারি।

প্রতিষ্ঠানটির অধ্যক্ষ নাজনীন চৌধুরী সাংবাদিকদের বলেন, চারদিন ধরে স্কুলের চারটি শাখার ১১টি স্তরে প্রথম শ্রেণীর ভর্তি লটারি কার্যক্রম চলছে। সম্পূর্ণ সুষ্ঠুভাবে এ কার্যক্রম অনুষ্ঠিত হচ্ছে। লটারি কার্যক্রমের মাধ্যমে ভর্তি প্রক্রিয়া হওয়ায় সব স্তরের মানুষের প্রথম : পৃষ্ঠা : ২ ক : ৫

## প্রথম : শ্রেণীতে

(১৬ পৃষ্ঠার পর)

সন্তানরা এ স্কুলে ভর্তির সুযোগ পাচ্ছে। জানা গেছে, প্রভাতী শাখায় ইংরেজি ভার্সনে প্রথম শ্রেণীতে ১৪০ জন ভর্তি লটারিতে নির্বাচিত হয়েছে। এর মধ্যে সাধারণ কোটায় ৫৯ জন, এরিয়া কোটায় ৫৬ জন, বোনের কোটায় ১৪ জন এবং মুক্তিযোদ্ধা কোটায় সাতজন নির্বাচন করা হয়। একইসঙ্গে শিক্ষা মন্ত্রণালয় কোটায় একজন, প্রতিবন্ধী কোটায় একজন এবং প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীর সন্তান কোটায় দুইজনকে সরাসরি ভর্তির জন্য নির্বাচন করা হয়েছে।

প্রভাতী শাখার ইংলিশ ভার্সনে ভর্তির জন্য ৮২৫টি আবেদন জমা হয়। তার মধ্যে অসম্পূর্ণ আবেদন ৪২টি, একাধিক আবেদন ১২০টি ও অনুপস্থিতির জন্য ৮৯টি আবেদন বাতিল করে ৫৭০টি আবেদনের মধ্যে লটারি অনুষ্ঠিত হয়। পাশাপাশি শিক্ষক-কর্মচারী সন্তান কোটায় সরাসরি তিনজনকে ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত করা হয়। এছাড়াও মোট আসনের ৭ শতাংশ অর্থাৎ ১০ জনকে লটারির মধ্যেমে অপেক্ষমান রাখা হয়েছে। নির্বাচিত শিশু ছাত্রীর মধ্যে কেউ ভর্তি না হলে অপেক্ষমান তালিকা থেকে ভর্তি নেয়া হবে। মূল শাখার ইংলিশ ভার্সনে দিবা শাখায় বিভিন্ন কোটায় লটারির মাধ্যমে ৩৩০ জনকে নির্বাচন করা হয়েছে।

প্রতিষ্ঠানটির গভর্নিং বডির সভাপতি গোলাম আশরাফ তালুকদার সাংবাদিকদের জানান, ভিকারুনিসা নূন স্কুলে গত ২৫ অক্টোবর ভর্তি আবেদন শুরু হয়। অনলাইন আবেদন চলে ১ নভেম্বর পর্যন্ত। গত ১৬ অক্টোবর ভর্তি সংক্রান্ত বিষয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। তবে বার্ষিক পরীক্ষার ফল প্রকাশ করার পর ২য় থেকে ৮ম শ্রেণী আসন সংখ্যা ঘোষণা করে এ স্তরে ভর্তি নেয়া হবে।